



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

www.bb.org.bd

এফসিআরপিডি সার্কুলার লেটার নং-১৯

২৬ অক্টোবর ২০২৬

তারিখ:

১০ কার্তিক ১৪৩৩

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে এফসিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ: ১৬ জুলাই ২০২৬ ও বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩০, তারিখ: ৩১ আগস্ট ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান সংক্রান্ত নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক) বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনজনিত সুবিধা প্রদান বিষয়ে ফাইন্যান্স কোম্পানিসমূহের ঋণগ্রহীতার নিকট হতে আবেদন গ্রহণ ও পরিচালনা পর্যদের অনুমোদনসহ সকল প্রক্রিয়া ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে; এবং

খ) সূত্রোক্ত সার্কুলার ও সার্কুলার লেটার এবং এর অনুবৃত্তিক্রমে জারিকৃত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(১)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)

পরিচালক (এফসিআরপিডি)

ফোন: ৯৫৩০১৭৮।